# VOCAD

## Voluntary Labour for Climate Adaptation and Disasters

## জলবায়ু অভিযোজন এবং দুর্যোগের জন্য স্বেচ্ছাশ্রম

Northumbria University NEWCASTLE

Centre for Global Development

UK Research and Innovation

GCRF

LIVING DELTAS RESEARCH HUB

VOCAD

Voluntary Labour for Climate Adaptation and Disasters

জলবায়ু অভিযোজন এবং দুর্যোগের জন্য স্বেচ্ছাশ্রম

# খেলার নির্দেশাবলী

এই খেলাটি দুই থেকে চারজন খেলোয়াড়ের জন্য।

খেলাটিতে তিন সেট কার্ড রয়েছে - চরিত্র কার্ড, ক্রিয়া কার্ড এবং সারাংশ কার্ড।

তিন ধরণের কার্ড তিনটি আলাদা স্তূপে রাখুন; লেখার দিক নিচে রেখে।

খেলাটি শুরু করতে প্রতিটি খেলোয়াড়ের একটি চরিত্র কার্ড বেছে নিন। এই খেলতে আপনি যে স্বেচ্ছাসেবী হিসেবে যাত্রা অনুসরণ করবেন তার সম্পর্কে আরও জানতে এই কার্ডটি ঘুরিয়ে দিন। চরিত্রগুলি একে অপরের থেকে আলাদা - লিঙ্গ অনুসারে এবং স্বেচ্ছাশ্রম সংস্থার সাথে যুক্ত হয়ে করেন কি না সেই অনুসারে। পুরো খেলাটিতে আপনি আপনার চরিত্রের স্বেচ্ছাশ্রমের অভিজ্ঞতা সম্পর্কে আরও শিখবেন।

কার্ডটি আপনার চরিত্রের একটি রঙও বরাদ্দ করবে। কাঠের সেই গুটিটা নিন যেটি আপনার নির্বাচিত চরিত্রের রঙের সাথে মিলে যায়।

খেলা শুরু করার জন্য খেলোয়াড়দের ক্রমটি তাদের বিশেষ অধিকার বোঝায়:

**প্রথম** - সংস্থার স্বেচ্ছাসেবী পুরুষ (সবুজ)

**দ্বিতীয়** - সাধারণ স্বেচ্ছাসেবী পুরুষ (নীল)

**তৃতীয়** - সংস্থার স্বেচ্ছাসেবী মহিলা (লাল)

**চতুর্থ** - সাধারণ স্বেচ্ছাসেবী মহিলা (হলুদ)

প্রতিটি খেলোয়াড় পালা নিয়ে পাশা নিক্ষেপ করবেন।

আপনি যদি (!) চিহ্ন দাওয়া ঘরে আসেন একটি ক্রিয়া কার্ড তুলে নিন; ক্রিয়া কার্ড স্তুপের উপরের থেকে কার্ডটি নিন এবং সেটিতে লেখা নির্দেশ অনুসরণ করুন, তারপর কার্ডটি স্তূপের নীচে রাখুন লেখার দিকটি নিচে করে।

প্রথম খেলোয়াড় যিনি শেষ ঘরে পৌঁছনোর জন্য উপযুক্ত দান দেবেন, তিনি বিজয়ী হবেন।


খেলাটি শেষ হয়ে গেলে, আপনার চরিত্রের জন্য সারাংশ কার্ডটি উল্টে দিন যা আপনাকে আপনার চরিত্রের স্বেচ্ছাসেবী হিসেবে যাত্রা সম্পর্কে আরও তথ্য দেবে।

# VOCAD

**Voluntary Labour for Climate Adaptation and Disasters**

জলবায়ু অভিযোজন এবং দুর্যোগের জন্য স্বেচ্ছাশ্রম

Northumbria University NEWCASTLE
Centre for Global Development
UK Research and Innovation
GCRF
LIVING DELTAS RESEARCH HUB


শেষ
শুরু

**সংস্থার স্বেচ্ছাসেবী - মহিলা**

আমি অমৃতা মৃধা।

আমি ভারতীয় সুন্দরবনে একটি স্থানীয় এন.জি.ও'র স্বেচ্ছাসেবী|

আমি মাস্টার ডিগ্রী পড়াশোনা করছি।

আমি আমার বাবা-মা, দাদা এবং বোনের সাথে থাকি ।

**সাধারণ স্বেচ্ছাসেবী - মহিলা**

আমি সাধনা সরদার।

গ্রামে দৈনন্দিন প্রয়োজনে সাড়া দিতে আমি গ্রামের মধ্যে স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করি; আমি কোনো সংস্থার সাথে যুক্ত নই।

আমি ভারতীয় সুন্দরবনের বাসিন্দা।

আমি একজন গৃহবধূ এবং আমার স্বামী, মেয়ে এবং শ্বশুর-শাশুড়ির সাথে থাকি।

**সংস্থার স্বেচ্ছাসেবী - পুরুষ**

আমি অজয় মন্ডল।

আমি ভারতীয় সুন্দরবনে একটি স্থানীয় এন.জি.ও'র স্বেচ্ছাসেবী|

আমি পরিবারের জমিতে চাষ করি।

আমি বাবা-মা, স্ত্রী এবং সন্তানদের নিয়ে থাকি।

**সাধারণ স্বেচ্ছাসেবী - পুরুষ**

আমি প্রদীপ দাস|

গ্রামে দৈনন্দিন প্রয়োজনে সাড়া দিতে আমি গ্রামের মধ্যে স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করি; আমি কোনো সংস্থার সাথে যুক্ত নই।

আমি ভারতীয় সুন্দরবনের বাসিন্দা।

আমি গ্রামে একটি ছোট মুদির দোকান চালাই। আমি বাবা-মায়ের সাথে থাকি।

চরিত্র কার্ড

চরিত্র কার্ড

চরিত্র কার্ড

চরিত্র কার্ড

## সংস্থার স্বেচ্ছাসেবী - মহিলা

স্বেচ্ছাসেবী হিসেবে আমার যাত্রা করার জন্য আপনাকে ধন্যবাদ। আপনি যেমন দেখলেন, আমি স্থানীয় এন.জি,ও'র স্বেচ্ছাসেবী হয়ে অভিজ্ঞতা অর্জন করেছি এবং আমার স্বেচ্ছাসেবামূলক কাজকর্মগুলো জলবায়ু অভিযোজন, দুর্যোগ প্রতিক্রিয়া এবং জীবিকা নির্বাহে সাহায্য করেছে। স্বেচ্ছাসেবামূলক কাজকর্মগুলো সম্পন্ন করার জন্য, আমি প্রভাবশালী মানুষদের সাথে যোগাযোগ করেছি।

আমি লোকের দ্বারা প্রশংসিত হয়েছি, এবং আমার প্রচেষ্টা স্বীকৃত হয়েছে।কিন্তু চলার পথে কিছু বাধা-বিপত্তির সম্মুখীন হয়েছি; স্থানীয় এন.জি.ও থেকে পরিচয়পত্রের অভাবে গ্রামে কাজ করা মাঝে মাঝে কঠিন হয়ে ওঠে এবং লোকেরা আমার কথা শুনতে চায় না।

সবসময়ে সংস্থার থেকে প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ করা হয়নি যার ফলে কাজটি সম্পূর্ণ করা কঠিন হয়ে পড়ে। যখন যাতায়াতের খরচ নিজেকে দিতে হয়েছে তখন অসুবিধায় পরি । অপ্রগতিশীল সামাজিক রীতিনীতি প্রতিরোধ করতে গিয়ে সাধারণ মানুষের থেকে বাধা পেয়েছি। একজন মহিলা হিসাবে আমাকে আমার পরিবার এবং প্রতিবেশীদের কাছ থেকে সমালোচনার সম্মুখীন হতে হয়েছে এবং তারা আমার চরিত্র নিয়ে প্রশ্ন তুলেছে কারণ আমি এই স্বেচ্ছাসেবামূলক কাজের জন্য বাড়ি থেকে বের হয়েছি।

ঘূর্ণিঝড়ের সময় যদি আমি আমার বাড়ি এবং জিনিসপত্র ধ্বংস হয়ে যায়, তবে এটি একটি বড় বিপত্তি এবং আমার পক্ষে স্বেচ্ছাসেবামূলক কাজ করা কঠিন হয়ে ওঠে। দলের কিছু স্বেচ্ছাসেবী কাজের জন্য অন্য জায়গায় চলে যায়, যা আমাদের কাজকে সাময়িক ভাবে পিছিয়ে দেয়, কিন্তু স্থানীয় এন.জি.ও'তে আরও অনেক স্বেচ্ছাসেবী থাকায় কাজে বেশি ক্ষতি হয়নি। স্থানীয় এন.জি.ও'র একটি অংশ হিসাবে, আমাদের একটি স্বেচ্ছাসেবী সঙ্গী দল আছে এবং আমরা একে অপরকে সাহায্য করি। এন.জি.ও স্বেচ্ছাসেবীদের জন্য খাবারের কুপন দেয় যা দিয়ে আমি বাড়ির জন্য মুদিখানার জিনিস কিনি। বাড়ির আর্থিক অবস্থা এমন যে মুদির জিনিস কিনতে অনেক সময়েই অসুবিধা হয়; তাই আমার স্বেচ্ছাশ্রমের মাধ্যমে আমি যে এইটুকু সাহায্য করতে পারছি এতে আমি গর্বিত।

আমি মাস্টার ডিগ্রীর পড়াশোনা করছি। স্বেচ্ছাসেবামূলক কাজ ও পড়াশোনা দুটোকে বজায় রাখার জন্য সময় পরিচালনা করা খুবই কঠিন। আমাদের গ্রামে খুব বেশি অর্থনৈতিক সুযোগ নেই, বিশেষ করে মহিলাদের জন্য। তবে আমি এই স্বেচ্ছাশ্রমের মাধ্যমে জীবিকার দক্ষতা তৈরির জন্য প্রশিক্ষণের দ্বারা অর্থনৈতিক স্বাধীনতা অর্জন করেছি যেটি আমাকে পড়াশোনার জন্য অর্থ যোগান দেয়।

অমৃতা মৃধা

## সাধারণ স্বেচ্ছাসেবী - মহিলা

স্বেচ্ছাসেবী হিসেবে আমার যাত্রা করার জন্য আপনাকে ধন্যবাদ। আপনি যেমন দেখলেন, আমি গ্রামের মধ্যে স্বেচ্ছাসেবী হয়ে অভিজ্ঞতা অর্জন করেছি এবং আমার স্বেচ্ছাসেবামূলক কাজকর্মগুলো জলবায়ু অভিযোজন, দুর্যোগ প্রতিক্রিয়া এবং জীবিকা নির্বাহে সাহায্য করেছে।

স্বেচ্ছাসেবামূলক কাজকর্মগুলো সম্পন্ন করার জন্য, আমি প্রভাবশালী মানুষদের সাথে যোগাযোগ করেছি; যেটা আমি এই প্রথম করলাম। আমি কিছু লোকের দ্বারা প্রশংসিত হয়েছি, এবং আমার প্রচেষ্টা কিছুটা স্বীকৃত হয়েছে। কিন্তু চলার পথে কিছু বাধা-বিপত্তির সম্মুখীন হয়েছি ।

এই কাজ করতে গিয়ে যাতায়াত খরচ দাওয়া আমার জন্য খুব কঠিন কারণ আমাকে আমার স্বামীর কাছ থেকে চাইতে হয়। এছাড়াও, নিজে থেকে যখন পরিবেশের ক্ষতি করে এমন কাজ সম্পর্কে গ্রামের মানুষকে সচেতন করতে গেছি, তখন লোকেরা আমার কথা শুনতে চায়নি, এবং অপ্রগতিশীল সামাজিক রীতিনীতি প্রতিরোধ করতে গিয়ে সাধারণ মানুষের থেকে বাধা পেয়েছি। একজন মহিলা হিসাবে আমাকে আমার পরিবার এবং প্রতিবেশীদের কাছ থেকে সমালোচনার সম্মুখীন হতে হয়েছে এবং তারা আমার চরিত্র নিয়ে প্রশ্ন তুলেছে কারণ আমি এই স্বেচ্ছাসেবামূলক কাজের জন্য বাড়ি থেকে বের হয়েছি।

ঘূর্ণিঝড়ের সময় যদি আমার বাড়ি এবং জিনিসপত্র ধ্বংস হয়ে যায়, তবে এটি একটি বড় বিপত্তি এবং আমার পক্ষে স্বেচ্ছাসেবামূলক কাজ করা কঠিন হয়ে ওঠে। আমরা যারা গ্রামের মধ্যে স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করি তাদের মধ্যে কয়েকজন নিজেরাই একটি দল তৈরি করি। কিন্তু কিছু লোক কাজের জন্য গ্রামের বাইরে অন্য জায়গায় চলে যাওয়ায় আমাদের কাজে যথেষ্ট পিছিয়ে যাই।

সংসারের কাজ, বাচ্চা ও পরিবারের সকলের যত্ন, চাষের কাজে স্বামীকে সাহায্য করা, এবং এর পাশাপাশি সময় করে স্বেচ্ছাসেবামূলক কাজ করা খুবই কঠিন; আশা করি যদি আমার স্বামী ঘরের কাজে আমায় একটু সাহায্য করত।

কোনরকম সমর্থন ছাড়া স্বেচ্ছায় এই কাজ করা কঠিন, কিন্তু আমি এটা করি আমার গ্রামের মানুষের জন্য এবং আমাদের এই সুন্দরবনের জন্য।

সাধনা সরদার

## সংস্থার স্বেচ্ছাসেবী - পুরুষ

স্বেচ্ছাসেবী হিসেবে আমার যাত্রা করার জন্য আপনাকে ধন্যবাদ। আপনি যেমন দেখলেন, আমি স্থানীয় এন.জি,ও'র স্বেচ্ছাসেবী হয়ে অভিজ্ঞতা অর্জন করেছি এবং আমার স্বেচ্ছাসেবামূলক কাজকর্মগুলো জলবায়ু অভিযোজন, দুর্যোগ প্রতিক্রিয়া এবং জীবিকা নির্বাহে সাহায্য করেছে। আমি আগে থেকেই গ্রামের কিছু প্রভাবশালী মানুষদের চিনতাম এবং স্বেচ্ছাসেবামূলক কাজ করতে গিয়ে এই সম্পর্কগুলো আরো দৃঢ় হলো।

আমি লোকের দ্বারা প্রশংসিত হয়েছি, এবং আমার প্রচেষ্টা স্বীকৃত হয়েছে। কিন্তু চলার পথে কিছু বাধা-বিপত্তির সম্মুখীন হয়েছি; স্থানীয় এন.জি.ও থেকে পরিচয়পত্রের অভাবে গ্রামে কাজ করা মাঝে মাঝে কঠিন হয়ে ওঠে এবং লোকেরা আমার কথা শুনতে চায় না।

সবসময়ে সংস্থার থেকে প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ করা হয়নি যার ফলে কাজটি সম্পূর্ণ করা কঠিন হয়ে পড়ে। যাতায়াত খরচ নিজেকে দিতে হয়েছে এবং এটা চাষের থেকে যা আয় হয় সেখান থেকে দাওয়ায় একটু অসুবিধা হয়। অপ্রগতিশীল সামাজিক রীতিনীতি প্রতিরোধ করতে গিয়ে সাধারণ মানুষের থেকে বাধা পেয়েছি।

ঘূর্ণিঝড়ের সময় যদি আমার বাড়ি এবং জিনিসপত্র ধ্বংস হয়ে যায়, তবে এটি একটি বড় বিপত্তি এবং আমার পক্ষে স্বেচ্ছাসেবামূলক কাজ করা কঠিন হয়ে ওঠে। দলের কিছু স্বেচ্ছাসেবী কাজের জন্য অন্য জায়গায় চলে যায়, যা আমাদের কাজকে সাময়িক ভাবে পিছিয়ে দেয়, কিন্তু স্থানীয় এন.জি.ও'তে আরও অনেক স্বেচ্ছাসেবী থাকায় কাজে বেশি ক্ষতি হয়নি।

এন.জি.ও স্বেচ্ছাসেবীদের জন্য যে খাবারের কুপন দেয় তা দিয়ে আমি সংসারের জন্য মুদিখানার জিনিস কিনি এবং এতে আমার মুদিখানার খরচ বেঁচে যায়। স্থানীয় এন.জি.ও'র একটি অংশ হিসাবে, আমাদের একটি স্বেচ্ছাসেবী সঙ্গী দল আছে এবং আমরা একে অপরকে সাহায্য করি এবং নতুন জিনিস শিখছি। আমি সংসারের কাজ পরিচালনায় আমার স্ত্রীকে সাহায্য করতে শিখেছি।

চাষের কাজের পাশাপাশি এই স্বেচ্ছাসেবামূলক কাজ করতে গেলে সময় পরিচালনা করা কঠিন হয়ে দাঁড়ায়। আমাদের গ্রামে খুব বেশি অর্থনৈতিক সুযোগ নেই, তবে স্বেচ্ছাসেবামূলক কাজের মাধ্যমে জীবিকার দক্ষতা তৈরির জন্য প্রশিক্ষণের দ্বারা আমি আরো কিছু আয় করতে সক্ষম হয়েছি।

অজয় মন্ডল

## সাধারণ স্বেচ্ছাসেবী - পুরুষ

স্বেচ্ছাসেবী হিসেবে আমার যাত্রা করার জন্য আপনাকে ধন্যবাদ। আপনি যেমন দেখলেন, আমি গ্রামের মধ্যে স্বেচ্ছাসেবী হয়ে অভিজ্ঞতা অর্জন করেছি এবং আমার স্বেচ্ছাসেবামূলক কাজকর্মগুলো জলবায়ু অভিযোজন, দুর্যোগ প্রতিক্রিয়া এবং জীবিকা নির্বাহে সাহায্য করেছে ।

গ্রামের লোকেরা আমায় পছন্দ করে যার ফলে আমি প্রভাবশালী মানুষদের আগে থেকেই চিনতাম এবং এই স্বেচ্ছাসেবামূলক কাজ করতে গিয়ে এই সম্পর্কগুলো আরো দৃঢ় হলো। আমি কিছু লোকের দ্বারা প্রশংসিত হয়েছি, এবং আমার প্রচেষ্টা কিছুটা স্বীকৃত হয়েছে। কিন্তু চলার পথে কিছু বাধা-বিপত্তির সম্মুখীন হয়েছি।

আমার মুদি দোকানের আয় থেকে এই স্বেচ্ছাসেবামূলক কাজের জন্য যাতায়াত খরচ দাওয়া একটু কঠিন ছিল। এছাড়াও, নিজে থেকে যখন পরিবেশের ক্ষতি করে এমন কাজ সম্পর্কে গ্রামের মানুষকে সচেতন করতে গেছি, তখন লোকেরা আমার কথা শুনতে চায়নি, এবং অপ্রগতিশীল সামাজিক রীতিনীতি প্রতিরোধ করতে গিয়ে সাধারণ মানুষের থেকে বাধা পেয়েছি।

ঘূর্ণিঝড়ের সময় যদি আমার বাড়ি এবং জিনিসপত্র ধ্বংস হয়ে যায়, তবে এটি একটি বড় বিপত্তি এবং আমার পক্ষে স্বেচ্ছাসেবামূলক কাজ করা কঠিন হয়ে ওঠে। আমরা যারা গ্রামের মধ্যে স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করি তাদের মধ্যে কয়েকজন নিজেরাই একটি দল তৈরি করি । কিন্তু কিছু লোক কাজের জন্য গ্রামের বাইরে অন্য জায়গায় চলে যাওয়ায় আমাদের কাজে যথেষ্ট পিছিয়ে যাই।

মুদির দোকান সামলে স্বেচ্ছাসেবামূলক কাজের জন্য সময় বার করা কঠিন।

কোনরকম সমর্থন ছাড়া স্বেচ্ছায় এই কাজ করা কঠিন, কিন্তু আমি এটা করি গ্রামবাসী এবং সুন্দরবনের জন্য।

প্রদীপ দাস

সারাংশ কার্ড

সারাংশ কার্ড

সারাংশ কার্ড

সারাংশ কার্ড

**আপনি এন.জি.ও'র স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করে অভিজ্ঞতা অর্জন করলেন**

**সংস্থার স্বেচ্ছাসেবী**
১ ঘর এগিয়ে যান

**সাধারণ স্বেচ্ছাসেবী**
এখানে থাকুন

**আপনি গ্রামে স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করে স্বীকৃতি অর্জন করলেন**

**সংস্থার স্বেচ্ছাসেবী**
এখানে থাকুন

**সাধারণ স্বেচ্ছাসেবী**
১ ঘর এগিয়ে যান

**আপনি যে সংস্থার সাথে স্বেচ্ছাসেবামূলক কাজ করেন, সেখান থেকে কোনো পরিচয়পত্র দাওয়া হয়নি**

**সংস্থার স্বেচ্ছাসেবী**
১ ঘর পিছিয়ে যান

**সাধারণ স্বেচ্ছাসেবী**
এখানে থাকুন

**অপ্রগতিশীল সামাজিক রীতিনীতি প্রতিরোধ করার জন্য সাধারণ মানুষের থেকে বাধা পেলেন**

**সংস্থার স্বেচ্ছাসেবী**
২ ঘর পিছিয়ে যান

**সাধারণ স্বেচ্ছাসেবী**
২ ঘর পিছিয়ে যান

**সংস্থার স্বেচ্ছাসেবী খাদ্য কুপন পেলেন**

**সংস্থার স্বেচ্ছাসেবী**
পুরুষ: ১ ঘর এগিয়ে যান
মহিলা: ২ ঘর এগিয়ে যান

**সাধারণ স্বেচ্ছাসেবী**
এখানে থাকুন

**আপনার স্বেচ্ছাশ্রম অন্যদের জীবিকা বজায় রাখতে সাহায্য করে**

**সংস্থার স্বেচ্ছাসেবী**
১ ঘর এগিয়ে যান

**সাধারণ স্বেচ্ছাসেবী**
১ ঘর এগিয়ে যান

**সাধারণ মানুষ আপনার কথা শোনে না**

**সংস্থার স্বেচ্ছাসেবী**
পরবর্তী দান পাবেন না

**সাধারণ স্বেচ্ছাসেবী**
পরবর্তী দান পাবেন না

**আপনার স্বেচ্ছাশ্রম দিয়ে গাছ লাগিয়েছেন; জলবায়ু পরিবর্তন অভিযোজনে সাহায্য হয়েছে**

**সংস্থার স্বেচ্ছাসেবী**
১ ঘর এগিয়ে যান

**সাধারণ স্বেচ্ছাসেবী**
১ ঘর এগিয়ে যান

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড

**আপনি আপনার প্রচেষ্টার স্বীকৃতি পেলেন**

**সংস্থার স্বেচ্ছাসেবী**
২ ঘর এগিয়ে যান

**সাধারণ স্বেচ্ছাসেবী**
১ ঘর এগিয়ে যান

**একটি স্বেচ্ছাসেবক দল গঠন হলো;**
**তার কিছু সদস্য বাইরে কাজ করতে চলে গেলো**

**সংস্থার স্বেচ্ছাসেবী**
১ ঘর পিছিয়ে যান

**সাধারণ স্বেচ্ছাসেবী**
২ ঘর পিছিয়ে যান

**আপনার স্বেচ্ছাসেবী সঙ্গী দল আছে**

**সংস্থার স্বেচ্ছাসেবী**
২ ঘর এগিয়ে যান

**সাধারণ স্বেচ্ছাসেবী**
১ ঘর এগিয়ে যান

**স্বেচ্ছাশ্রমের মাধ্যমে জীবিকার দক্ষতা তৈরির জন্য প্রশিক্ষণ আপনাকে কিছুটা আর্থিক স্বাধীনতা দিলো**

**সংস্থার স্বেচ্ছাসেবী**
পুরুষ: ১ ঘর এগিয়ে যান
মহিলা: ২ ঘর এগিয়ে যান

**সাধারণ স্বেচ্ছাসেবী**
এখানে থাকুন

**যাতায়াত খরচ নিজেকে দিতে হয়**

**পুরুষ**
১ ঘর পিছিয়ে যান

**মহিলা**
২ ঘর পিছিয়ে যান

**সংস্থা থেকে কাজের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম দেয়নি**

**সংস্থার স্বেচ্ছাসেবী**
পরবর্তী দান পাবেন না

**সাধারণ স্বেচ্ছাসেবী**
খেলতে থাকুন

**পরিবার এবং প্রতিবেশীরা আপনার চরিত্র নিয়ে প্রশ্ন তোলে**

**পুরুষ স্বেচ্ছাসেবী**
এখানে থাকুন

**মহিলা স্বেচ্ছাসেবী**
২ ঘর পিছিয়ে যান

**আপনি রাজনৈতিক বাধার সম্মুখীন হলেন**

**সংস্থার স্বেচ্ছাসেবী**
এখানে থাকুন

**সাধারণ স্বেচ্ছাসেবী**
১ ঘর পিছিয়ে যান

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড

**ঘূর্ণিঝড়ে আপনি আপনার ঘর এবং জিনিসপত্র হারালেন**

**সংস্থার স্বেচ্ছাসেবী**
শুরু তে চলে যান

**সাধারণ স্বেচ্ছাসেবী**
শুরু তে চলে যান

**আপনি দুর্যোগ প্রতিক্রিয়ায় স্বেচ্ছাসেবামূলক কাজ করেছেন**

**সংস্থার স্বেচ্ছাসেবী**
১ ঘর এগিয়ে যান

**সাধারণ স্বেচ্ছাসেবী**
১ ঘর এগিয়ে যান

**লোকেরা আপনার প্রশংসা করে**

**পুরুষ স্বেচ্ছাসেবী**
১ ঘর এগিয়ে যান

**মহিলা স্বেচ্ছাসেবী**
২ ঘর এগিয়ে যান

**আপনি প্রভাবশালী মানুষের সাথে সংযোগ করেছেন**

**সংস্থার স্বেচ্ছাসেবী**
৩ ঘর এগিয়ে যান

**সাধারণ স্বেচ্ছাসেবী**
৩ ঘর এগিয়ে যান

**আপনি সময়ের চাপের সম্মুখীন হচ্ছেন**

**পুরুষ স্বেচ্ছাসেবী**
১ ঘর পিছিয়ে যান

**মহিলা স্বেচ্ছাসেবী**
২ ঘর পিছিয়ে যান

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড

ক্রিয়া কার্ড